তখনকার সময় কাগুজে নোটের বিপরীতে ব্যাংকে শতকরা একশত ভাগ মূল্যমানের সোনা সংরক্ষিত থাকতো। ব্যাংক বাধ্যতামুলকভাবে যে পরিমাণ সোনা তার কাছে মওজুদ থাকতো ,ঠিক সেই পরিমাণেই কাগুজে নোট বাজারে চালু করতো। নোট ব্যবহারকারী যে কোন সময় ব্যাংক থেকে এই নোটের পরিবর্তে সোনা অর্জন করার অধিকার থাকতো। যখন এই ব্যবস্থা ছিলো, তখনও কোনো ধরনের সমস্যা ছিলো নাহ।

এরপর ১৮৩৩ সালে রাষ্ট্রীয়ভাবে কাগুজে নোটের আইনগত ভ্যালু প্রদান করা হয়। বিনিময়ের মাধ্যম হিসাবে তা গ্রহণ করতে জনগণকে বাধ্য করা হয়। সরকার যখন বাধ্য করল,জনগণও তা গ্রহণ করল। তখন সরকার পক্ষ নোটের বিপরীতে স্বর্ণ মওজুদ রাখার ব্যাপারে শিথিলতা শুরু করল। একটা সময় রাষ্ট্রপক্ষ স্বর্ণের মওজুদের অতিরিক্ত কাগুজে নোট ছাপানো শুরু করল।

অতিরিক্ত কাগুজে নোট ছাপানোর ফলে কাগজের নোটের সাথে স্বর্ণ মূদ্রার দামের যে ভারসাম্য ছিলো তা আস্তে আস্তে নষ্ট হতে শুরু করে। আগে ১ টি ব্যাংক নোট দিয়ে একটি স্বর্ণ মূদ্রা দিতো সরকার বা মহাজন। কিন্তু অতিরিক্ত কাগুজে নোট ছাপানোর ফলে বাজারে ব্যাংক নোটের দাম কমে স্বর্ণ মুদ্রার দাম বেড়ে যায়। এর ফলে এখন দুইটি ব্যাংক নোট দিয়ে একটি মূদ্রা আপনাকে নিতে হচ্ছে। আর এই কাজটি করা হতো যাতে জনগণের আমানত কৃত স্বর্ণ নিজের পকেটে ঢুকানো যায়। উদাহরণ দিয়ে বলি: সরকার বা মহাজন এর কাছে ১০০০ স্বর্ণ মুদ্রা ছিলো এবং তার বিপরিতে ১০০০ ব্যাংক নোট জনগণের কাছে ছাড়া হয়েছিল। কিন্তু এই সরকার বা মহাজন এইবার আরো অতিরিক্ত ১০০০ ব্যাংক নোট ছাপিয়ে বাজারে বা জনগণের নিকট ছেড়ে দিল। এর ফলে এই মহাজনের পকেটে আরো ৫০০ স্বর্ণ মুদ্রা পকেটে ঢুকে গেলো। এইখানে জনগন কে টেকনিক্যালি ধোকা দেওয়া হলো এবং জনগণ ও কিছু করতে পারলো। কারণ কাজটি খুবই ধীরে ধীরে করা হয়েছে। (এইখানে বররতমানে এই মহাজন টি হলো আমেরিকা)

এখান থেকেই শুরু হল ধীরে ধীরে কাগুজে নোটের বিপরীতে স্বর্ণ মওজুদ না থাকার বিষয়টি। একটা সময় আসল যখন কাগুজে নোটের বিপরীতে সরকারের কেন্দ্রিয় ব্যাংকের নিকট চাহিবা মাত্র দেয়ার মত স্বর্ণ মওজুদ নেই। তখন কাগুজে নোটকে সোনার দ্বারা পরিবর্তন সম্পূর্ণরুপে নিষিদ্ধ করে দেয়া হয়। এখন এখানে

আপনি সরকার কে মহাজনের সাথে তুলনা করুন। আপনি মহাজনের কাছে ১০০০ স্বর্ণ মূদ্রা জমা দিলেন এবং সে ১০০০ টি কাগুজে নোট দিল আপনাকে। এখন তিন মাস পর মহাজনের কাছে যখন গেলেন তখন মহাজন আপনাকে সাফ সাফ বলে দিল যে সে আপনাকে কোনো ধরনের স্বর্ণ মূদ্রা দিতে পারবে নাহ। (টাকার মাঝে লিখা দেখবেন, চাহিবা মাত্র ইহার বাহক কে দিতে বাধ্য থাকিবে। এখন কে দিতে বাধ্য থাকিবে? অবশ্যই যে নোট ছাপিয়েছে সে, আর সেটি হলো সরকার। কিন্তু সরকার আগে দিতে বাধ্য থাকলেও এখন আর দিতে বাধ্য নাহ। কারণ নিজেরা Law চেঞ্জ করে ফলেছে। এখন জনগণ জনগণ কে দিতে বাধ্য)

১৯৩১ সালে বৃটেন প্রথম এ ঘোষনা প্রদান করে। তবে এ নিষেধাজ্ঞা ছিল দেশের ভেতরে লেনদেনের ক্ষেত্রে। আন্তর্জাতিক লেনদেনে প্রত্যেক দেশেই চাহিবা মাত্র স্বর্ণ দিতে বাধ্য ছিল। যেমন, বৃটেনের বেশকিছু পাউন্ড আমেরিকার হস্তগত হল। আর আমরিকা বৃটেনের কাছে পাউন্ডের বিনিময়ে সোনা দাবী করল। এক্ষেত্রে বৃটেনের জন্য অপরিহার্য হবে পাউন্ডের বিনিময়ে আমেরিকাকে সোনা পরিশোধ করা ।

যখন আমেরিকা আর্থীকভাবে চরম সংকটের মুখোমুখি হয়। ডলারের মূল্যমান হ্রাসের কারণে তার স্বর্ণের মওজুদ নিম্ন পর্যায়ে চলে আসে। ১৯৭১ সালে

আমেরিকার বহু স্বর্ণ বাহিরে চলে যায়। তখন উক্ত পরিস্থিতিতে আন্তর্জাতিক লেনদেনের ক্ষেত্রেও আমরিকা স্বর্ণ প্রদান বন্ধ করতে বাধ্য হল। সবশেষে ৭৩ এর ১৫ই আগষ্ট আমরিকা ঘোষণা দিল, আন্তর্জাতিক লেনদেনের ক্ষেত্রেও চাহিবা মাত্র অন্যদেশকে স্বর্ণ দিতে পারবে না। এতে কাগুজে নোটকে সোনার ভিত্তির উপর প্রতিষ্ঠত রাখার সর্বশেষ যে পদ্ধতিটি প্রচলিত ছিল ,তাও এই আইনের মাধ্যমে একেবারে শেষ করে দেয়া হয়। বর্তমানে কাগুজে নোটের বিপরীতে এমন কোন স্বর্ণ মওজুদ নেই যা আপনি চাহিবা মাত্র সরকার আপনাকে দিতে বাধ্য।

বর্তমান মুদ্রার জগত থেকে সোনা একেবারেই অপসারিত। এখন মুদ্রার সাথে সোনার আর কোন সম্পর্কই অবশিষ্ট নেই। প্রশ্ন হতে পারে যে, কাগুজে মুদ্রার বিপরীতে যেহেতু বর্তমানে কোন স্বর্ণ নেই ,তাহলে লেনদেন হয় কিভাবে? ৫০০টাকা নোটের কাগুজের দাম তো ৫০০টাকা নয়? এর জবাব হল, এখন কাগুজে নোট দ্বারা তার স্বত্তা বা মূল অস্তিত্ব উদ্দেশ্য নয়,বরং ক্রয় ক্ষমতার নির্দিষ্ট একটি মানদন্ডকে বর্তমান যুগে মুদ্রা বুঝানো হয়ে থাকে। আর এক্ষেত্রে প্রত্যেক দেশের মানদন্ড এক এক রকম হয়।

ফেডারেল রিজার্ভ সিষ্টেম এর ডলার ছাপাতে খরচ হয় যথাক্রমে (এইখানে সেন্ট এর বদলে এই মূল্যমানের পন্য ও শ্রম দিয়ে হিসাব করবেন। আমি

সহজভাবে বুঝার জন্য সেন্ট উল্লেখ করেছি):

১ ও ২ ডলারে খরচ: ৪.৯ সেন্ট (প্রতি নোটে)
৫ ডলারে খরচ: ১০.৯ সেন্ট (প্রতি নোটে)
১০ ডলারে খরচ: ১০.৩ সেন্ট (প্রতি নোটে)
২০ ও ৫০ ডলারে: ১০.৫ সেন্ট (প্রতি নোটে)
এবং ১০০ ডলারে: ১২.৩ সেন্ট (প্রতি নোটে)
(www.federalreserve.gov/faqs/currency__12771.htm)

এখন ১, ২, ৫, ১০, ২০, ৫০ এবং ১০০ ডলার যোগ করলে হয় ১৮৮ ডলার। এই ১৮৮ ডলার বানাতে আমেরিকার ৪৮.৯ সেন্ট খরচ হচ্ছে। ৪৮.৯ সেন্ট এর বাংলা মূল্য হচ্ছে ৩৮ টাকা ৪৬ পয়সা। আর বাংলা টাকায় বাজারমূল্য হলো (১ ডলারে= 78.6424 টাকা) ১৪ হাজার ৭৮৫ টাকা।

তার মানে ৩৮ টাকা ৪৬ পয়সা আমেরিকার হাত ঘুরে বাংলাদেশ এ আসলে এর মূল্য ১৪ হাজার ৭৮৫ টাকা হয়ে যায়! এ থেকে বুঝা গেল আমেরিকার কাছে আলাদীন এর চেরাগ আছে!

৩৮ টাকা ৪৬ পয়সার উপরে আমেরিকা হাত বুলালে ১৪ হাজার ৭৮৫ টাকা

হয়ে যায়। কিন্তু স্বর্ণের উপরে হাত বুলালে কিন্তু স্বর্ণের পরিমাণ আমেরিকা বাড়াতে পারে নাহ।

বাংলাদেশ সরকারের কয়েন ও কাগজের টাকা বানাতে খরচ হয় যথাক্রমে (এইখানে টাকার বদলে এই মূল্যমানের পন্য ও শ্রম দিয়ে হিসাব করবেন। আমি সহজভাবে বুঝার জন্য টাকায় উল্লেখ করেছি):

১টাকার কয়েন তৈরি করতে: ৯৫ পয়সা খরচ হয় ২ টাকার কয়েন: ১ টাকা ২০ পয়সা খরচ হয়। ৫ টাকার কয়েন: তৈরিতে খরচ পড়ে ১ টাকা ৯৫ পয়সা।কয়েনের মান বেশি হলে সে তুলনায় খরচ অনেক কম পড়ে।

এখন আসি কাগুজে মূদ্রার ক্ষেত্রে:

১০০০ টাকায় খরচ : ৭ টাকা
৫০০ টাকায় খরচ: ৬ টাকা
১০০ টাকায় খরচ: ৪ টাকা ৫০ পয়সা
৫০ ও ২০ টাকায়: ২ টাকা ৫০ পয়সা খরচ হয়
১০ টাকার নোটে: ২ টাকা ২০ পয়সা খরচ হয়
৫ টাকার নোটে: ২ টাকা

ও দুইটাকায় খরচ: ১ টাকা ৫০ পয়সা

এখন আপনি কাজ করে ১০০০ টাকা পেলেন। কিন্তু বাস্তবিক অর্থে আপনি পেলেন সাত টাকা এবং ৯৯৩ টাকা সরকারের কাছে জমা। আপনার পকেটে ১০০০ টাকা আছে তারা মানে এই নাহ আপনি পারিশ্রমিক পেয়ে গেলেন। এই ১০০০ টাকাকে চেক এর সাথে তুলনা করেন। এর পর মুদ্রাস্ফিতি, দ্রব্যমূল্য (যেমন গ্যাস) এর দাম বাড়িয়ে দেওয়া, অধিক ট্যাক্স আরোপের কারণে আনুষঙ্গিক পন্যের দাম বেড়ে যায়, এর ফলে সরকারের কাছে আপনার জমা এই ৯৯৩ টাকার মান কমতে কমতে এক সময় হয়ে যায় ৯৫০ টাকা এবং এইভাবেই ধীরে ধীরে কমতে থাকে। সোজা কথা আপনার শ্রমের দাম আপনি নির্ধারণ করছেন নাহ। আগের দিনের জমিদারের মতন সরকার আপনার শ্রমের মূল্য নির্ধারণ করে দিচ্ছে। আপনি হলেন একজন আজ্ঞাবহ দাস। কিন্তু আপনি যদি ১০০০ টাকা পাওয়ার সাথে সাথে এক কাঠা জায়গা কিনেন, তাহলে এটির দাম কখনোই কমবে নাহ। বরং বাড়বে। তার মানে মূল সমস্যা হলো কাগজে তৈরি টাকা।

আরো সহজ উদাহরণ : ১০ বছর আগে টাকা জমানো শুরু করলেন। চিন্তা করলেন ১০ বছর পরে ২০ লাখ টাকা দিয়ে বাড়ি বানাবেন। আমরা জানি সম্পত্তির দাম বাড়েও নাহ আবার কমেও নাহ। সাধারণত সম্পত্তির এগেইনেষ্ট

এ টাকার পরিমান বেশি হলে এর দাম বেড়ে যায়। আর এর এগেইনেষ্ট এর টাকার পরিমাণ কম হলে সম্পত্তির দাম কমে যায়। এর ১০ বছর পর দেখলেন বাড়ি বনাতে ৬০ লাখ টাকা লাগতেছে। এখন এইখামে ৪০ লাক্ষ টাকা কে খেলো? এইখানে ব্যপারটি হলো সরকার ওই মহাজনের মত অতিরিক্ত টাকা ছাপানোর ফলে টাকার মান কমে গেছে। এর ফলে ২০ লক্ষ টাকার জিনিস এখন ৬০ লক্ষ টাকা লাগছে। ঠিক উপরের চতুর্থ প্যারাটির মতন সরকার এইখানে মহাজনের মতন অতিরিক্ত নোট ছাপিয়ে এর দাম একেবারে কমিয়ে ফেলেছে। এই ৪০ লক্ষ টাকা চেরাগি নোট (ইন্টারন্যাশনাল কারেন্সি) আমেরিকার পকেটে ঢুকে গেছে। তার মানে আমেরিকা ফকির হলে পুরা বিশ্ব ফকির। আপনি আমেরিকার ডলারের উপরে নির্ভরশীল। এই বিশ্ব আর্থিক মন্দার পিছনে আমেরিকা দায়ী। আমেরিকা ইরাকে যুদ্ধ করেছে তাদের অর্থনৈতিক ধ্বস কাটানোর জন্য। আর ইরাক যুদ্ধের ফলে এই ক্ষতি কিছুটা কাটিয়ে উঠতে সক্ষম হয়।

আপনি উত্তর কোরিয়ার কাছে ডলার দিলে ছিড়ে ফেলে দিবে ওরা। কিন্তু স্বর্ণ দিলে ওরা সানন্দে তা গ্রহণ করবে। কিন্তু সোদির কাছে স্বর্ণ দিয়ে তেল কিনতে গেলে সোদি জীবনেও আপনার কাছে তেল বেচবে নাহ। শুধু ডলার দিলেই তারা আপনার কাছে তেল বেচবে। আমেরিকার অর্থনীতি এখন পুরোদমে মধ্যপ্রাচ্য কেন্দ্রিক। অস্ত্র ব্যবসা হতে শুরু করে সব।

ডলারের পতন মানে বিশ্বযুদ্ধ এর শুরু। আর বিশ্বযুদ্ধ এর শুরু মানে বিশ্ব দুর্ভিক্ষের শুরু। কারণ এই সময় ডলার দিয়ে কিছুই পাওয়া যাবে নাহ। এখন বরতমানে যেই দেশে স্বর্ণের মজুদ ও উতপাদন ব্যবস্থা বেশি, সেই দেশে দুর্ভিক্ষের ছোয়া লাগবে নাহ। আমাদের বাংলাদেশ সরকার যত বেশি ডলার রিজার্ভ করতেছে আমেরিকার তত বেশি লাভ হচ্ছে। দুই হাজার ৫০০ কোটি ডলার এর মধ্যে আমদানি রপ্তানির জন্য রেখে বাকীটুকু যদি বিনিয়োগ করে ফেলতো তাহলে বাংলাদেশ এর লাভ হতো।

আমেরিকা ও ডলার

টাকার মান কমছে আর ডলারের দাম বাড়ছেই কারনটা কী? ইউরোপের ভূলের কারনে ১৯৭১ সালে সমগ্র দুনিয়ার অর্থনৈতিক ব্যবস্থা আমূল পরিবর্তন হয়ে যায়। পরিবর্তনটি করে আমেরিকার প্রেসিডেন্ট "রিচার্ড নিক্সন" এই অপকর্মটি করেন বলে এটাকে বলে ‘নিক্সন শক’। মানে আমেরিকান প্রেসিডেন্ট রিচার্ড নিক্সন সারা বিশ্বকে একটা ইলেকট্রিক শক দেন সারা বিশ্বকে। আপনার সম্পদ

কিভাবে টাকায় পরিণত হল তা কি কখনো ভেবে দেখেছেন? টাকা তো কিছু স্পেশালি প্রিন্ট করা কাগজ তাইনা? সরকার যদি ইচ্ছেমতন টাকা প্রিন্ট করে তাহলেই কি সম্পদের মূল পরিমাণ বেড়ে যায়? কখনো ভেবে দেখেছি আমরা? তাহলে তো দুনিয়ার সব সরকারই কোন কাজ কর্ম না করে শুধু টাকাই প্রিন্ট করতো, তাইনা?

প্রকৃতপক্ষে আপনি ইন্ডাষ্ট্রিতে যা উৎপাদন করেন এবং যেই ফসল-ফলাদি উৎপন্ন করেন সেটাই হল আপনার প্রকৃত সম্পদ। সেই প্রকৃত সম্পদের সমতুল্য টাকা প্রিন্ট করা হয়, এর বেশী প্রিন্ট করলে জিনিসের দাম বেড়ে ইনফ্লেইশন হবে, মোট সম্পদ কখনো বাড়বে না। তবে আস্তে আস্তে একটু একটু করে টাকা প্রিন্ট করে বাজারে ছেড়ে দিলে কিন্তু মানুষ ইনফ্লেইশনটা টের পায় না যদি ইনফ্লেইশন হয়ে থাকেও। এবং সম্পদ উৎপাদন যদি টাকার প্রিন্ট করার হার থেকে বেশী হয়, তাহলে কিন্তু ইনফ্লেইশন না হয়ে ডিফ্লেইশন হবে (মানে জিনিসপত্রের দাম কমবে)।

প্রথমে বিনিময় মাধ্যম হিসেবে ব্যবহৃত হত স্বর্ণ, রৌপ্য, তামা – এসব ধাতুর মুদ্রা। এসব ধাতু ব্যবহারের সুবিধা হল এসব ধাতুর নিজস্ব একটা বাজার মূল্য আছে, প্রিন্টের টাকার মতন এটা ইচ্ছেমতন প্রিন্ট করা যায় না বরং খনি থেকে তুলে বাজারে ছাড়তে হয়। তবে এসব মুদ্রা বহন করা কষ্টসাধ্য হওয়ায় একসময়

ইউরোপিয়ান কান্ট্রিগুলো স্বর্ণমুদ্রাকে ব্যাংকে জমা রেখে স্বর্ণমুদ্রার ইক্যুইভ্যালেন্ট 'প্রিন্ট করা টাকা' বাজারে ছাড়তে লাগলো। নিয়ম করা হল যে যখন তখন ইচ্ছে করলে প্রিন্ট করা টাকা ব্যাংকে জমা দিয়ে স্বর্ণ ব্যাংক থেকে তুলে নেয়া যাবে। তার মানে তখন পর্যন্ত 'প্রিন্ট করা টাকা' হল স্বর্ণের রিসিট। [তবে তারা একটু চালাকি করলো, যতটুকু স্বর্ণ জমা থেকে তার প্রায় দশ গুন টাকা বাজারে ছাড়ার ব্যবস্থা করলো (এক্ষেত্রে রিজার্ভ রেশিয়ো হয় ১০%)। কারণ সব মানুষ কিন্তু একসাথে ব্যাংকে গিয়ে টাকাকে স্বর্ণে রুপান্তর করেনা।]

দ্বিতীয় বিশ্বযুদ্ধ চলাকালীন সময়ে সব ইউরোপিয়ান নেশন গুলো তাদের স্বর্ণগুলো নির্দিষ্ট ডলার রেইটে (এক আউন্স = ৩৫ ডলার এই রেটে) আমেরিকায় জমা রাখলো, আর আমেরিকার সাথে চুক্তি করলো যে যখনই তাদের দরকার হবে আমেরিকাকে প্রিন্টেড কারেন্সি দিবে, বিনিময়ে আমেরিকা গোল্ড ফিরত দিবে। (ওরা হয়ত ভয় পাচ্ছিল, হিটলার ইউরোপ দখল করে ফেললে সব স্বর্ণ হিটলারের হস্তগত হবে।) এই ব্যবস্থার নাম ছিল 'ব্রিটন উডস সিস্টেম', এটা ৪৪ টি ইউরোপীয় দেশের সাথে আমেরিকার একটা অর্থনৈতিক চুক্তি। সবাই আমেরিকান ডলার কমন কারেন্সি হিসেবে ব্যবহার করে, কারণ গোল্ড ভল্টে রাখা অনিরাপদ।

এখন আমেরিকা হল অতিচালাক। তারা দেখলো তারা ইচ্ছা করলে এই গোল্ড

ব্যবস্থাটা উঠিয়ে দিয়ে সারা দুনিয়াকে ডলার খাওয়াতে পারে। তাই আমেরিকান প্রেসিডেন্ট নিক্সন ১৯৭১ সালে ঘোষণা করলো তারা আর ব্রিটন উডস সিস্টেম মানবে না, তারা নির্দিষ্ট কোন ডলার রেটে স্বর্ণ বেচাকেনা করবে না। স্বর্ণের দাম হবে অনির্দিষ্ট। মানে মার্কেট অটোমেটিকালী স্বর্ণের দাম নির্ধারণ করবে। সরকারের কোন নিয়ন্ত্রণ থাকবে না। ডলার হয়ে গেলে ভাসমান মুদ্রা, এর এখন থেকে গোল্ডের উপর কোন ডিপেন্ডেন্সি নাই। ডলার আজ থেকে স্বর্ণ হতে স্বাধীনতা পেল। কিন্তু প্রশ্ন হচ্ছে, এতে শক খাওয়ার কি আছে আসলে? ডলার গোল্ড থেকে মুক্ত হলে বাংলাদেশে বসে আমার অসুবিধা কি? শুধু অসুবিধা না, ব্যাপক অসুবিধা। অ- আমেরিকান আর আমেরিকান সবারই ব্যাপক সুবিধা। কারণ, সব দেশকে ফরেইন রিজার্ভ আগে রাখতে হতো গোল্ডে। এখন সবাই রাখে ডলারে। গোল্ড থাকে আমেরিকায়। আমাদের ভল্টে থাকে শুধুই ডলার, যাহা কাগজ ছাড়া কিছুই নহে। এখন মনে করেন বাংলাদেশে ফরেইন রিজার্ভ ২২ বিলিয়ন ডলার। এই ২২ বিলিয়ন ডলারের প্রকৃত মূল্য মনে করেন ২২ টন গোল্ড (ধরে নেন আরকি)। এখন, আমেরিকা করেকি, নিজেদের যুদ্ধ পরিচালনা স্ংক্রান্ত ব্যয়, ইন্টারনাল ক্রাইসিস এগুলা সামাল দেয়ার জন্য কোন উপায়ন্তর না পেয়ে ট্রিলিয়ন ট্রিলিয়ন ডলার ছাপায়, এরপর এই ডলার সারাদুনিয়ায় ছড়িয়ে দেয়। কিন্তু মাত্রাতিরিক্ত ডলার ছাপানোয়, ডলারের মান কমে যায়, ব্যাপক ইনফ্লেইশন হয়। ফলে মনে করেন, মাত্র দশ মাসের মধ্যে ২২ বিলিয়ন ডলারের মূল্য কমে মাত্র ১১ টন গোল্ড হয়ে যেতে পারে। মানে অন্য

কথায়, যেকোন পণ্যের দাম ইন্টারন্যাশনাল মার্কেটে প্রায় দ্বিগুন হয়ে যাতে পারে। মানে আপনার জমাকৃত অর্থের মূল্য ডেঞ্জারাসলি কমে যেতে পারে। এবং তা কমছেও।

আমেরিকা ইচ্ছাকৃতভাবে ডলার প্রিন্ট করে নিজেদের ধার দেনা শোধ করছে, নিজেদের মার্কেট টেনে টুনে সেইভ করছে, এবং সাথে সাথে সারা দুনিয়াই আমেরিকার যুদ্ধ এবং অন্যান্য ব্যয়ভার ইনডিরেক্টলি বহন করছে। তার মানে আপনার চাকরি-ব্যবসাকৃত অর্জিত সম্পদ কে ওয়াশিংটন ডিসিতে বসে কিছু লোক ডলার প্রিন্ট করার মাধ্যমে কমিয়ে দিচ্ছে। বা চুরি করে নিয়ে যাচ্ছে। সারা দুনিয়ার কিছুই করার নেই, শুধু চেয়ে চেয়ে দেখছে। আসলে এইটাই দুনিয়ার সবচে' বড় চৌর্যবৃত্তি। আপনার যে মাসের বেতনে পেট চলেনা, তার কারণ হল আমেরিকানদের ওয়াশিংটন ডিসিতে বসে কিছু লোকের ডলার প্রিন্ট করা, বুঝা গেল? আমেরিকান ফেডারেল রিজার্ভ ব্যাংক (সব প্রাইভেট ব্যাংকারদের এসোসিয়েশণ) বারাক ওবামার অনুমতি ক্রমে ব্যাংকগুলোকে সেইভ করার জন্য যখনই এক ট্রিলিয়ন ডলার প্রিন্ট করার সিদ্ধান্ত নিল, তখনই বুঝবেন, আসলে ওরা আপনার পকেট (আসলে সারাদুনিয়ার সকল মানুষের পকেট থেকে) থেকে এই টাকা টান দিয়ে নিয়ে যাচ্ছে।

মাহাথির মোহাম্মদের ক্ষমতায় থাকা কালে একবার মালয়েশিয়ায় ইকোনমিক

ক্রাইসিস দেখা দিল, ১৯৯৯ সাল হবে। তো আনোয়ার ইব্রাহিম সহ সকল অক্সফোর্ড, হার্ভার্ড থেকে পি এইচডি করা লোকজন মাহাথির কে বুদ্ধি দিলো হেন করতে হবে, তেন করতে হবে। মাহাথির বললো, " কিচ্ছু করা লাগবেনা, ডলার রেটটা আসলে চেঞ্জ করতে হবে, তোমরা ইকোনমি'র কি বুঝ!!"
মাহাথির ডলার রেটটা ফিক্স করে চেঞ্জ করে দিলো, মুহূর্তের মধ্যে মালয়েশিয়ার ইকোনমিক ক্রাইসিস শেষ। এটা ছিল মাহাথির এক বিশাল পলিটিকাল উইন। দুনিয়ার ইতিহাস করলো মাহাথির, কারণ পুঁথিগত বিদ্যার চেয়ে প্র্যাকটিকাল নলেজ এই মাহাথির এর মাথায় আল্লাহ বেশী দিছেন।।
যাই হোক, তো এর সমাধান কি?

সমাধান হল, ইন্টারন্যাশল মুদ্রা হিসেবে আবারও গোল্ডকে (মানে গোল্ড, সিলভার এবং তামা) ব্যবহার করা। গোল্ড কারেন্সির ইচ্ছামতন প্রিন্ট করা যায় না। গোল্ডের ইকুইভ্যালেন্ট মানি ছাড়া যেতে পারে। তবে আন্তর্জাতিক লেনদেন অবশ্যই গোল্ডের রেসপেক্টে হতে হবে, ডলার দিয়ে নয়।

শুধু ডলার প্রিন্ট করে সারা দুনিয়ায় তা ছড়ানোর ব্যবস্থাটা আছে বলেই আমেরিকা এখনও টিকে আছে। না হলে সোভিয়েত ইউনিয়নের মতন আমেরিকার ও পতন এতদিনে হয়ে যেতো। সোভিয়েত ইউনিয়নের দুর্ভাগ্য, যে তাদের রুবল সারা দুনিয়ার কমন মুদ্রা না। ইরাকে আর আফগানিস্তানে তো কত

ট্রিলিয়ন খরচ হয়েছে তার ইয়ত্তা নেই, সারা দুনিয়ায় আমেরিকার ১৬ ট্রিলিয়ন ডলার ঋণ, তাও কোন সমস্যা নেই, কারণ আমেরিকা শুধু ডলার প্রিন্ট করে, প্রিন্ট করে ঋণ শোধ করে, আর যেই ইনফ্লেইশনটা হয়, তা সারা দুনিয়া একসাথে বহন করে, তাই আমেরিকার গায়ে লাগেনা। এটা মনে রাখবেন, আপনি, আমি সবাই ইনডিরেক্টলি ইরাক, আফগানিস্তান, ইসরাইল সব জায়গায় যুদ্ধের খরচ আমেরিকাকে যুগিয়ে যাচ্ছি। কারণ আমরা ডলার ব্যবহার করছি। যতদিন গোল্ড ফিরে না আসে, ততদিন এই ব্যবস্থাই চলবে।

[উপরের আলোচনার পর সংযুক্ত লিখনি]

মনে করুন,
সুইস ব্যাংকে আপনি দশ মিলিয়ন ডলার জমা করে রেখেছেন। কিংবা আপনার হাতে আছে একটি ক্রেডিট কার্ড, যা দিয়ে যেকোনো সুপার শপ থেকে যেকোনো সময় আপনি ইচ্ছেমতো পণ্য ক্রয় করতে পারেন। আপনি নিজেকে অনেক ধনী ভাবছেন। ভবিষ্যৎ-সংকটে এটাকে শক্তিশালী রিজার্ভ মনে করছেন। ক্রেডিট কার্ড নিয়ে অনেক ফুরফুরে মেজাজে আছেন। নিশ্চিন্তে রঙিন জীবনের প্ল্যান সাজিয়ে চলছেন। কিন্তু হায়, যদি জানতেন যে, আপনি কত বড় ভুলের মধ্যে আছেন ! শুধু ভুলই নয়; এ যে এক মহাভুল !

দুঃসময়ে যে মহাভুলের মাশুল গোনারও সুযোগটুকু পাবেন না।
আপনার এ দশ মিলিয়ন ডলার যেকোনো মুহূর্তেই গায়েব হয়ে যেতে পারে।
হয়ে যেতে পারে সব হঠাৎ করেই মূল্যহীন কিছু কাগজ। কোনো এক সকালে ঘুম থেকে উঠে শুনবেন, আপনার জীবনের সঞ্চিত সব ডলার আজ থেকে কেবলই কাগজের কিছু টুকরো। জি হ্যাঁ, কেবলই কাগজের টুকরো; বরং তার চাইতেও মূল্যহীন।

আপনার বিশ্বাস হচ্ছে না, তাই তো! পাগল ভাবছেন? জি না, আমি ভুল বলছি না, পাগলামিও করছি না। আপনাকে শোনাচ্ছি আমি আশু বিপর্যয়ের এমন কিছু তিক্ত সত্য, যে ব্যাপারে অধিকাংশ মানুষই উদাসীন।

পৃথিবীতে মজুত সমুদয় স্বর্ণের বিরাট একটি অংশই আজ আমেরিকার হাতে।
পৃথিবীতে সর্বাধিক স্বর্ণের মালিক আমেরিকার হাতে রয়েছে ৮১৩৪ টন স্বর্ণ।
দ্বিতীয় সর্বাধিক স্বর্ণের দেশ জার্মানির হাতে রয়েছে ৩৩৬৭ টন স্বর্ণ।
এরপর ইতালির কাছে রয়েছে ২৪৫২ টন,
এরপর ফ্রান্সের কাছে ২৪৩৬ টন,
এরপর রাশিয়ার কাছে ২২১৯ টন,
এরপর চীনের কাছে ১৯৩৭ টন, এরপর সুইজারল্যান্ডের কাছে ১০৪০ টন,
এরপর জাপানের কাছে ৭৬৫ টন,

এরপর ভারতের কাছে ৬১৮ টন,
এরপর নেদারল্যান্ডের কাছে ৬১৩ টন।

দেখা যাচ্ছে, স্বর্ণ মজুতের তালিকায় বিশ্বের প্রথম দশটি রাষ্ট্রের মধ্যে কেবল আমেরিকার হাতেই রয়েছে এক তৃতীয়াংশের বেশি স্বর্ণ।
এত স্বর্ণ সে পেল কোথায়?
নিজেরা স্বর্ণ তৈরি করেছে?
নিজ দেশের খনি থেকে স্বর্ণ উত্তোলন করেছে?
জি না; বরং লুট করেছে।
বলা যায়, এক প্রকারের ডাকাতি করেছে।
বিশ্বকে ডলার নামে কিছু কাগজের টুকরো দিয়ে বিনিময়ে তারা স্বর্ণ গ্রহণ করে নিজ দেশে
গড়ে তুলেছে স্বর্ণের বৃহৎ মজুত।
কিন্তু কীভাবে সে বিশ্বকে বোকা বানিয়ে
এটা চালু করল?

পৃথিবীর ইতিহাসে আজ পর্যন্ত বিশ্বকে বোকা বানানোর যতগুলো কৌশল অবলম্বন করা হয়েছে, তন্মধ্যে ডলারভিত্তিক এ মুদ্রাব্যবস্থার প্রচলনটা ছিল সবচেয়ে ভয়ানক, সূক্ষ্ম ও ক্ষতিকর। [যা আপনারা উপরে পড়ে এসেছেন] আজ

যদিও বিশ্বের অনেক দেশ ধোঁকাপূর্ণ এ ব্যবস্থার বিষয়টি বুঝতে পারছে, কিন্তু ততক্ষণে অনেক দেরি হয়ে গেছে। রাশিয়া, চীন, ইন্ডিয়াসহ এ মুহূর্তে সবাই গোল্ড জমা করার চেষ্টায় নেমেছে।

আর জনগণ যেন এ ব্যাপারে সতর্ক ও সজাগ হওয়ার অবকাশ না পায়, তারা যেন গোল্ডের পিছনে না ছোটে, সেজন্য দাজ্জালি মিডিয়াগুলো বিভিন্নভাবে গোল্ড কিনতে অনুৎসাহিত করছে এবং রাষ্ট্রীয়ভাবেও এর ওপর বিভিন্ন বিধিনিষেধ আরোপ করা হচ্ছে।

আমেরিকা আজ ডলারকে বাতিল ঘোষণা করে গোল্ড সিস্টেম মুদ্রা চালু করলে আমি আপনি সবাই হয়ে পড়ব কর্পদহীন পথের ফকির। আপনার দশ মিলিয়ন ডলার দিয়ে শুধু ঘরের দেয়ালটাই সাজাতে পারবেন, আর কিছু নয়।
এ আশঙ্কা এতদিন হালকাভাবে দেখা হলেও বর্তমান বিশ্বের নানা প্রেক্ষাপটে এটা এখন ভয়ংকর এক বাস্তবতা হয়ে দেখা দিচ্ছে।

বেশিদিন আগের কথা নয়, যখন সাদ্দাম হোসেনের সরকার পতনের পর নতুন দিনার ইস্যু করা হলো, তখন পুরাতন সব দিনার হয়ে গেল একেবারে মূল্যহীন। মানুষ তাদের দিনারের নোটগুলো রাস্তায় ফেলে দিল। এক টুকরো সাদা কাগজের মূল্যও ছিল না সেগুলোর! কারণ, ওই দিনারগুলো দিয়ে আর

কোনো লেনদেন করার সুযোগ ছিল না।
অনুরূপ করোনা-পরবর্তী বৈশ্বিক বিপর্যয় ও অর্থনৈতিক নানা সমস্যার কারনে এদেশের অর্থব্যবস্থায়ও পরিবর্তন আসতে পারে। আর সেটা হলে আপনিও কিন্তু বড় ধরনের ক্ষতির সম্মুখীন হবেন। আপনার টাকাগুলো যেকোনো মুহূর্তে মূল্যহীন হয়ে যেতে পারে; যেমনটি ভারতে একবার ঘটেছিল।
আর ব্যাংক যদি দেউলিয়া ঘোষণা করা হয়, তাহলে আপনার সারাজীবনের কষ্টার্জিত সঞ্চয়ের কী অবস্থা হবে, তা কি কখনো ভেবে দেখেছেন?

বিশেষজ্ঞদের পর্যবেক্ষণ অনুসারে শীঘ্রই হয়তো কাগজের মুদ্রাব্যবস্থা ধ্বংস হয়ে যাবে।
আর এটার সূচনা হতে পারে আন্তর্জাতিকভাবে ডলারভিত্তিক লেনদেন বাতিল হওয়ার মধ্য দিয়ে। বিভিন্ন ঘটনাবলী ও নিদর্শন থেকে অনুমেয় হচ্ছে, অচিরেই হয়তো বৃহৎ শক্তিগুলোর মাঝে যুদ্ধ শুরু হবে। হাদিসে বর্ণিত মালহামা বা রক্তক্ষয়ী মহাযুদ্ধের কালও সন্নিকটে মনে হচ্ছে। করোনা-পরবর্তী বৈশ্বিক অর্থনীতিতেও যে বড় ধরনের পরিবর্তন আসছে, এ ব্যাপারে কারও সন্দেহের অবকাশ নেই।
এছাড়াও বিভিন্ন দুর্যোগ, ভূমিকম্প, সিস্টেম ক্রাশ
বা বিদ্যুৎ ও নেটব্যবস্থা নষ্ট হয়ে গেলে ব্যাংকে রাখা টাকাগুলো যে সব জলে যাবে, সেটাও সুনিশ্চিত। এগুলো শুধু সম্ভাবনার কথাই বলছি না; বাস্তবেই

ঘটতে পারে বলে এ ব্যাপারে অনেক
বিশেষজ্ঞ ও গবেষক কঠিনভাবে সতর্ক করেছেন। সবগুলো বিষয় সামনে রাখলে বিবেকবান মাত্রই উপলব্ধি করতে সক্ষম হবেন যে, ব্যাংকে কাগুজে টাকা রাখা ও এর ওপর নির্ভর
করে বসে থাকাটা কত বড় বোকামি!।

বুঝতেই পারছেন, ফালতু এই কাগুজে মুদ্রাব্যবস্থার কারণে আমরা কতটা রিস্কের মধ্যে আছি!?
এটা ঠিক যে, জঘন্য এ ডলারব্যবস্থা বা কাগুজে মুদ্রা আমরা এখন ইচ্ছে করলেও পরিবর্তন করতে পারব না। তবে আমরা সবাই সচেতন হয়ে কমপক্ষে নিজে বা নিজের ঘনিষ্ঠদের তো সর্তক করতে পারি।

দাজ্জালের আবির্ভাব নিকটবর্ত্তী ইনশাআল্লাহ
সে পৃথিবীর সব সম্পদ নিজ হাতে নিয়ে নেবে।
তখন মুসলমানদের জন্য সবচেয়ে বড় সমস্যা হয়ে দাঁড়াবে হবে খাদ্য ও পানির সংকট।
প্রস্তুতিহীন দুর্বল ইমানদাররা ক্ষুধার তাড়নায় অস্থির হয়ে দাজ্জালকে নিজেদের ইলাহ ও রব হিসেবে মেনে নেবে।
অথচ তারা যদি আগ থেকেই এ ব্যাপারে সচেতন থাকত, হাদিসের নির্দেশনা

অনুযায়ী নিজের সকল প্রস্তুতি সম্পন্ন করে রাখত, তাহলে সে কঠিন মুহূর্তে তাকে ইমান হারাতে হতো না। তাই এখনই সঠিকভাবে আর্থিক পরিকল্পনা করে রাখুন।

মনে রাখবেন, দেশের সরকার বহাল থাকুক
বা না থাকুক, আন্তর্জাতিক অর্থনীতিতে পরিবর্তন আসুক
বা না আসুক, মুদ্রাব্যবস্থা ভেঙে পড়ুক বা না পড়ুক, সর্বাবস্থায় আপনার স্বর্ণ, রূপা ও ভোগ্য পণ্যসমূহের মূল্য কখনোই পরিবর্তন হবে না। কারণ, এগুলোর নিজস্ব মূল্য (সেলফ ভ্যালু) ও উপযোগ আছে। কেউ চাইলেও তা বাতিল করতে পারবে না।

মুদ্রার সবচেয়ে গুরুত্বপূর্ণ বৈশিষ্ট্য হলো,
এটার নিজস্ব মূল্য বা তার উপযোগ থাকতে হবে এবং তা কখনো মূল্যহীন বস্তু (যেমন, কাগজ) হতে পারবে না। স্বর্ণ-রূপা এমন দুটি পদার্থ, যা মানবসভ্যতার শুরু থেকে নিয়ে কিয়ামত পর্যন্ত মূল্যবান হিসেবে পরিগণিত। এ দুটি জিনিস কখনো ভ্যালু হারিয়ে মূল্যহীন হবে না। অনুরূপ চাল-ডাল, গম, চিনি, আটা, লবণ ইত্যাদি প্রতিটি ভোগ্য পণ্যের নিজস্ব উপযোগ আছে এবং তা হলো আমাদের ক্ষুধা মেটানোর ক্ষমতা।
এমন নয় যে, সরকারের অধ্যাদেশে এসব ভোগ্য
পণ্যের উপযোগ কখনো বাতিল হয়ে যেতে পারে।

তাই পৃথিবীর যেখানেই যান না কেন, প্রতিটি ভোগ্য পণ্যের উপযোগ প্রায় একই থাকে, অর্থাৎ তাদের নিজস্ব একটি মূল্য সব সময়ই থাকে। একইভাবে গবাদি পশু-পাখির কথাও বলা যায়। এগুলোর উপযোগেও তেমন কোনো পরিবর্তন হয় না।

আমাদের অনেকেরই হয়তো জানা নেই যে,

রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম চৌদ্দশ বছর পূর্বেই উম্মতকে এ ব্যাপারে সতর্ক করে দিয়ে গেছেন।
তিনি ইরশাদ করেন :—

‘মানুষের সামনে নিশ্চিতই এমন এক সময় আসবে, যখন দিনার (গোল্ড) ও দিরহাম (সিলভার) ছাড়া কোনো কিছুই কাজে আসবে না।’ (মুসনাদু আহমাদ : ১৭২০১)

মুজামে কাবিরের বর্ণনায় এসেছে :—

‘মানুষের সামনে এমন একটি সময় আসছে, যখন যার কাছে হলুদ (গোল্ড) ও সাদা (সিলভার) বস্তু থাকবে না, সে স্বাচ্ছন্দ্যে নিদ্রাও যেতে পারবে না।’

(আল-মুজামুল কাবির : ২০/২৭৮)

আরেকটি সনদে এভাবে বর্ণিত হয়েছে :—

‘যখন শেষ জমানা আসবে তখন লোকদের দিনার (গোল্ড) ও দিরহাম (সিলভার) ছাড়া কোনো উপায় থাকবে না।
(মুমিন) লোক তখন এগুলোর দ্বারা তার দ্বীন ও দুনিয়ার সকল বিষয় পরিচালনা করবে।’ (আল-মুজামুল কাবির : ২০/২৭৯)

সনদগত দিক থেকে হাদিসগুলো যদিওবা একটু দুর্বল, তবে বৈশ্বিক প্রেক্ষাপট ও বর্তমান বাস্তবতা আমাদের সামনে হাদিসের সত্যতা দিন দিন স্পষ্ট করে তুলছে। স্পষ্টভাবেই আমরা বুঝতে পারছি, কাগুজে মুদ্রা ও ডলারের অন্ধকার ভবিষ্যৎ।

আমাদের সামনে কী যে মহাসংকট ও দুর্যোগ অপেক্ষা করছে, তা কল্পনা করতে গেলেও শরীর শিহরিত হয়ে ওঠে! তাই এখন কে কত দ্রুত সবকিছু সামলে নেবে, সেটাই দেখার বিষয়।
এক যুগ আগে একসময় আমারও বুঝে আসত না যে, মানুষ কেন গণহারে

দাজ্জালকে রব বলে মেনে নেবে। পরে আস্তে আস্তে বিষয়টি ক্লিয়ার হতে থাকে।
আর এখন তো আলহামদুলিল্লাহ, এটা সূর্যের মতো স্পষ্ট হয়ে গেছে।
বস্তুত দাজ্জালের ফিতনার বিভিন্ন কার্যক্রম শুরু হয়ে গেছে অনেকদিন আগেই।
এখন কেবল পূর্ণতায় পৌঁছতে বাকি।
আর পূর্ণতায় পৌঁছতেও বেশি সময় নেই বলে মনে হচ্ছে। আল্লাহ তাআলা-ই ভালো জানেন।

বিটকয়েনঃ দাজ্জালি শাসনব্যস্থায় আগামী দিনের মুদ্রাব্যবস্থা

[ডিজিটাল কারেন্সি]

ক্রিপ্টোকারেন্সি 'বিটকয়েন' পরিচিতি

সাধারণত কাগজের তৈরি প্রচলিত মুদ্রা বা এ সংশ্লিষ্ট কোন ডিজিটাল স্বাক্ষর সম্বলিত বস্তু ব্যবহার করে বাস্তব জীবনে এবং অনলাইনে লেনদেন সংক্রান্ত ব্যাপারগুলো আপাতঃ দৃষ্টিতে কোন প্রকারের সমস্যা ছাড়াই মিটিয়ে ফেলা যায়। তবে বর্তমানে ব্যবহৃত এটিএম কার্ড, ক্রেডিট কার্ড, ডেবিট কার্ড অথবা অন্য ডিজিটাল স্বাক্ষর সম্বলিত বস্তুগুলো ব্যবহারে দুটি বড় সমস্যা রয়েছে। এসবে লেনদেনের ক্ষেত্রে গ্রাহক ও গ্রহিতা উভয়কে তৃতীয় কোন পক্ষের উপর

ট্রাস্ট' বা আস্থা রাখতে হয়, উদাহরণস্বরূপ ব্যাংক। তীয় পক্ষ এই ব্যাংকে উভয় পক্ষ একটি নির্দিষ্ট পরিমাণের মুদ্রা পরিশাোধ করে, যেটিকে ইংরেজীতে বলে 'ডাবল স্পেন্ডিং'।

উপরাোক্ত সমস্যার সমাধানে সাতোশি নাকামোতো ছদ্মনামে একব্যক্তি ২০০৮ সালের অক্টোবর মাসে ৯ পৃষ্ঠার "Bitcoin: A Peer-to-Peer Electronic cash System" নামক এক গবেষণা প্রস্তাবনা অনলাইনে প্রকাশ করে। যেখানে প্রথম বিটকয়েন সম্পর্কে ধারণা দেওয়া হয়।

প্রস্তাবনার সারসংক্ষেপে বলা হয়, একটি পিয়ার-টু-পিয়ার (peer-to-peer) ইলেক্ট্রনিক মুদ্রা পরিশোধের ব্যবস্থা প্রয়োজন, যেটির মাধ্যমে একজন অন্যজনকে কোন তৃতীয় পক্ষ বা প্রতিষ্ঠানের কাছে না গিযেই লেনদেন সম্পন্ন করতে পারবে। একই সঙ্গে 'ডাবল স্পেন্ডিং' থেকে বিরত থাকতে পারবে। এই ব্যবস্থায় সব ধরনের লেনদেন সম্পন্ন হবে আস্থার পরিবর্তে 'কাজের (লেনদেন) প্রমাণের ভিত্তিতে এবং সব ধরনের লেনদেন একটি নিদিষ্ট নেটওয়ার্কে লিপিবদ্ধ হবে। প্রস্তাবনা প্রকাশের পর থেকে সাতোশি বিটকযেন 'মাইনিং' এর জন্য প্রথম সফটওয়্যার তৈরি করে। 'মাইনিং' হচ্ছে যে পদ্ধতিতে বিটকয়েন তৈরি করা হয়। ২০০৯ সালের জানুয়ারিতে সাতোশি প্রথম বিটকয়েন মুদ্রা রিলিজ করে। এই সাতোশি নাকামোতোর আসল পরিচয় আজও অজানা।

Bitcoin' - ইংরেজীতে B, ক্যাপিটাল লেটারে হচ্ছে একটি পিয়ার-টু-পিয়ার নেটওয়ার্ক যেখানে আস্থাভাজন তৃতীয় পক্ষ ছাড়াই মুদ্রার মালিকানা পরিবর্তন সম্ভব, আর এই নেটওয়ার্কে ব্যবহৃত একক হচ্ছে 'bitcoin'ইংরেজীতে b, স্মল লেটারে – যেটি সম্পূর্ণরূপে ডিজিটাল উপায়ে ক্রিপ্টোগ্রাফির মাধ্যমে কম্পিটার কোডিং ব্যবহার করে তৈরি হয়।

বিটকয়েনের বৈশিষ্ট্য

সম্পূর্ণ ডিজিটাল উপায়ে তৈরি, বাস্তবে এটির কোন ফিজিক্যাল (physical) অস্তিত্ব নেই। কোন কেন্দ্রীয় ব্যাংক এটি নিয়ন্ত্রণ করেনা। ব্যক্তি বা ব্যক্তিবর্গের উদ্যোগে বিশ্বব্যাপী এটি ব্যবহারের ফলে এর মুদ্রা ব্যবস্থা চলমান রয়েছে। পিয়ার-টু-পিয়ার ব্যবস্থার কারণে কোন প্রতিষ্ঠান বা মিডলম্যান ছাড়াই সরাসরি লেনদেন সম্পন্ন হয়। ক্রিপ্টোগ্রাফি ব্যবহৃত হওয়ার কারণে উপযুক্ত অনুমতি ছাড়া বিটকয়েনের অ্যাকসেস নেওয়া অসম্ভব। সর্বোপরি, বিটকয়েনে সম্পূর্ণরূপে ছদ্মনামে লেনদেন সম্ভব। প্রচলিত মুদ্রা এবং বিটকয়েনের মধ্যে পার্থক্য পৃথিবীব্যাপী ব্যবহৃত প্রচলিত মুদ্রাগুলাে মূলত কাগজের তৈরি। যেকোন প্রকারের সেবা আদান-প্রদানের হিসাব নিকাশের মূলে থাকে কাগজের তৈরি মুদ্রা। যে উপাযেই সেবা আদান-প্রদানের করা হাে কনা কেন, মুখাে মুখি সেবা

দেওয়া-নেওয়া, অনলাইনে সেবা দেওয়া-নেওয়া, ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠানের মাধ্যমে সেবা আদান-প্রদান ইত্যাদি।

ক্রিপ্টোগ্রাফি ব্যবহার করে তৈরি করা বিটকয়েন একধরনের ক্রিপ্টোকারেন্সি। প্রচলিত মুদ্রা এবং ক্রিপ্টোকারেন্সরি মধ্যকার প্রধান পার্থক্য হলাে ফিজিক্যাল অস্তিত্বের কারণে প্রচলিত মুদ্রা হাতে হাতে ব্যবহার করা যায়, হাতে নেওয়া যায়। অন্যদিকে ক্রিপ্টোকারেন্সি শুধু ব্যবহার করা যায়। ভার্চুয়াল অথবা ডিজিটাল হওয়ার কারণে এটি শুধু ব্যবহার করা যায়,কখনাে হাতে নেওয়া সম্ভব নয়। পিয়ার-টু-পিয়ার নেটওয়ার্ক হওয়ার কারণে বিটকয়েনের ট্রানজিকশন বা লেনদেন সেবা দাতা ও গ্রহিতার 'ওয়ালেট' থেকে 'ওয়ালেটে' সম্পন্ন হয়। ‘ওয়ালেটে' বিটকয়েন সঞ্চিত রাখা থাকে। এটি অনলাইন বা অফলাইন দু'রকমেই হতে পারে। একজন বিটকয়েন ব্যবহারকারীকে দুটি 'কি' (Keys) ব্যবহার করতে হয়। একটি পাবলিক কি' (Public Key), এটি সবার জন্য উন্মুক্ত। অন্যটি প্রাইভেট কি (Private key), এটি সর্বদা গাে পন থাকে এবং লেনদেনের নিশ্চয়তার জন্য ব্যবহৃত হয়। ট্রানজিকশনের ইতিবৃত্ত একটি উন্মুক্ত খতিয়ানে (পাবলিক লেজার) রেকর্ড করা থাকে, যাকে 'রক চেইন' (Block chain) বলে। এক্ষেত্রে 'পাবলিক কি' ব্যবহার করা হয় এবং একই লেনদেন একই ব্যবহারকারীর মাধ্যমে পুনরাবৃত্তি করা যায়না। ব্লকচেইনে সর্বপ্রথম ট্রানডিকশনের হিসাব থেকে আজ পর্যন্ত সব হিসাব সংরক্ষিত আছে এবং নিয়মিতভাবে আপডেট হচ্ছে।

- বিটকয়েনের অপকারিতা কি?

তথ্য ও প্রযুক্তি বিশেষজ্ঞ লেখক কেন হাসের মতে, বিটকয়েনের কয়েকটি অপকারিতা রয়েছে।

প্রথমতঃ লেনদেন পুনরাবৃত্তি না করতে পারার কারণে, সেবা গ্রহিতা সংশ্লিষ্ট সেবা না পেলে, মুদ্রা ফেরত পাওয়ার কোন উপায় নেই।

দ্বিতীয়তঃ বিটকয়েন ওয়ালেট' হারিয়ে বা নষ্ট (ড্যামেজ) হয়ে গেলে এটি আর ফিরে পাওয়া যায়না। যেটি আমাদের ব্যবহৃত মানিব্যাগ বা মুদ্রার ক্ষেত্রে প্রজোয্য নয়।

তৃতীয়তঃ বিনিময়ের মাধ্যম হিসেবে বিটকয়েন খুব বেশি অস্থিতিশীল।

চতুর্থতঃ যদিও বিটকয়েনর ব্যবহার ক্রমান্নয়ে বাড়ছে, কিন্তু সেটি প্রচলিত মুদ্রার তুলনায় খুবই সীমিত পরিসরে। সুতরাং এটিকে প্রচলিত মুদ্রায় পরিবর্তন করে ব্যবহার করতে হয়।

সর্বোপরি, বিটকয়েনে কোন ক্রেডিট ব্যবস্থা নেই। যদিও এটি একটি ভাল দিক,

কিন্তু বর্তমান বিশ্বের অর্থনীতি চলছে ক্রেডিট নির্ভর। ক্রেডিটের উপর ভিত্তি করে আমরা অগ্রীম সেবা নিয়ে থাকি।

বিটকয়েন মাইনিং একটি প্রতিযোগিতামূলক প্রয়াস। বিটকয়েন মাইন করতে ব্যবহৃত বিভিন্ন হ্যাশিং প্রযুক্তিগুলোর মাধ্যমে এক ধরনের "সেরা অস্ত্রশস্ত্র লাভের প্রতিযোগিতা" দেখা গিয়েছে। অনেক গেমিং কম্পিউটার, এফপিজিএ এবং এএসআইসিতে থাকা সাধারণ সিপিইউ, উচ্চতর জিপিইউব্যবহার করে স্বল্প বিশেষায়িত প্রযুক্তির লাভের পরিমাণ হ্রাস করা হয়। বিটকয়েনের জন্য বিশেষায়িত এএসআইসি এখন বিটকয়েন মাইনিং এর জন্য মৌলিক উপায়ে পরিণত হয়েছেএবং জিপিইউ-র গতিকে ৩০০ গুণেরও বেশি ছাড়িয়ে গেছে। যেহেতু বিট কয়েন মাইন করা আরও কঠিন হয়ে গেছে, কম্পিউটারের হার্ডওয়্যার প্রস্তুতকারক প্রতিষ্ঠানগুলো উচ্চগতির এএসআইসি পণ্যের বিক্রির হার বৃদ্ধি প্রত্যক্ষ করছে।

মাইনার থেকে আয়ের মধ্যে ভিন্নতা কমানোর জন্য কম্পিউটারের ক্ষমতাকে প্রায়ই একসাথে জড়ো করা বা জমা ("পুলড") করা হয়। প্রতিটি মাইনিং রিগকে লেনদেন ও প্রদত্ত অর্থ গ্রহণ নিশ্চিত করার জন্য দীর্ঘ সময় অপেক্ষা করতে হয়। অংশগ্রহণকারী সার্ভার প্রতিবার যখন একটি ব্লকের সমাধান করতে পারে, একটি পুলে অংশগ্রহণকারী সকল মাইনারকে অর্থ পরিশোধ করা হয়।

সেই ব্লকটি খুঁজে পেতে প্রতিটি মাইনারের কাজের পরিমাণের ওপর ভিত্তি করে এই অর্থ দেয়া হয়। বিটকয়েন তথ্য কেন্দ্রগুলো সাধারণত লোকচক্ষুর বাইরে ও বিশ্বজুড়ে ছড়িয়ে ছিটিয়ে থাকে, এছাড়া কম খরচে বিদ্যুৎ পাওয়া যায় এমন এলাকার চারদিকে কেন্দ্রগুলোর গুচ্ছাকারে থাকার প্রবণতাও দেখা যায়।

- বিট কয়েন মাইনিং :

একটি বন্টিত টাইমস্ট্যাম্প সার্ভারকে পিয়ার টু পিয়ার নেটওয়ার্ক হিসেবে তৈরি করার জন্য বিটকয়েন "প্রুফ অফ ওয়ার্ক নেটওয়ার্ক" ব্যবহার করে। এই কাজকে প্রায়শই বিটকয়েন মাইনিং বলা হয়। এক্ষেত্রে স্বাক্ষর দেয়া থাকে না ,বরং স্বাক্ষরটি খুঁজে বের করা হয়। এ প্রক্রিয়াটি শক্তির সাথে নিবিড়ভাবে সম্পর্কিত। মাইনার পরিচালনার জন্য মোট খরচের ৯০ শতাংশের বেশি বিদ্যুতের জন্য ব্যয়িত হয়। চীনে মূলত বিটকয়েন মাইনিং এর জন্য স্থাপিত একটি তথ্যকেন্দ্র পরিচালনার জন্য সর্বোচ্চ ১৩৫ মেগাওয়াট পর্যন্ত ক্ষমতার প্রয়োজন হয়।

সাতোশি নাকামতো-র মূল উদ্ভাবন ছিল ব্লকচেইনের জন্য দরকারি স্বাক্ষর দেয়ার জন্য একটি প্রুফ অফ ওয়ার্ক বা কাজের প্রমাণের প্রয়োজনীয়তা সৃষ্টি করা। মাইনিং প্রক্রিয়ার মধ্যে আছে একটি ব্লক চিহ্নিত করা, যা এসএইচএ-২৫৬ র সাথে বার দুয়েক হ্যাশ করা হলে প্রদত্ত কাঠিন্যের লক্ষ্যের তুলনায় ছোট সংখ্যার যোগান দেয়। যেখানে প্রয়োজনীয় গড় কাজের পরিমাণ কাঠিন্যের

লক্ষ্যের বিপরীত অনুপাতে বৃদ্ধি পায়, সেখানে এক রাউন্ড দ্বৈত এসএইচএ-২৫৬ চালু করে সব সময়ই একটি হ্যাশকে যাচাই করা যায়।

বিটকয়েন টাইমস্ট্যাম্প নেটওয়ার্কের জন্য এক বার ব্যবহারযোগ্য যে কোন একটি সংখ্যার মান বৃদ্ধি করে বৈধ কাজের প্রমাণ পাওয়া যায়। যতক্ষণ পর্যন্ত ব্লকের হ্যাশকে প্রয়োজনীয় সংখ্যক অগ্রগামী শূন্য বিট দেয়ার মত মান পাওয়া না যায়, সংখ্যার মান ততক্ষণ পর্যন্ত বৃদ্ধি করা হয়। একবার যখন হ্যাশ প্রক্রিয়াটি একটি বৈধ ফলাফল প্রদান করে, ব্লক কাজটি পুনরায় সম্পাদন করার আগ পর্যন্ত আর পরিবর্তিত হতে পারে না। পরে যখন ব্লকগুলো এর সাথে শৃঙ্খলিত হয়, পরবর্তী প্রতিটি ব্লক পরিবর্তন করার জন্য পুনরায় কাজ করতে হয়।

সবচেয়ে বড় চেইনটি দিয়ে বিটকয়েনে বেশিরভাগের ঐক্যমত্য প্রকাশ করা হয় আর এই চেইনটি তৈরি করার জন্য সর্বাধিক প্রচেষ্টার প্রয়োজন হয়। যদি ক্ষমতা পরিমাপের বেশির ভাগ অংশ সৎ নোড দিয়ে নিয়ন্ত্রিত হয়, তাহলে সৎ চেইনের সংখ্যাও সবচেয়ে দ্রুত বৃদ্ধি পাবে এবং তা যে কোন প্রতিযোগী চেইনকে ছাড়িয়ে যাবে। বিগত কোন ব্লককে পরিবর্তন করতে হলে, কোন আক্রমণকারীকে সেই ব্লক ও তার পরবর্তী সকল ব্লকের কাজের প্রমাণ অংশটি পুনরায় করতে হবে এবং সৎ নোডের কাজকে ছাপিয়ে যেতে হবে। পরবর্তীতে যতই ব্লক যোগ করা

হয়, ততই ধীরগতির কোন আক্রমণকারীর পক্ষে এর সাথে তাল মিলিয়ে চলতে পারার সম্ভাব্যতা সূচকীয়ভাবে হ্রাস পায়।

- বিটকয়েনের প্রতিদ্বন্দ্বীঃ

বর্তমানে ৪৫৪ রকমের ক্রিপ্টোকারেন্সি বিশ্বব্যাপী কমবেশি ব্যবহৃত হচ্ছে। তবে এর মধ্যে Litecoin এবং Ripple অন্যতম। অন্য ক্রিপ্টোকারেন্সগুলো। বিটকয়েনের মত এতটা ব্যবহৃত হয়না। আপাতদৃষ্টিতে Litecoin-কে বিটকয়েনের প্রতিদ্বন্দ্বী ভাবা হলেও, এটির সম্ভাবনা খুব ক্ষীণ।

- বাংলাদেশ ও বিটকয়েনঃ

এশিয়ার প্রথম দেশ হিসেবে ২০১৪ সালে বিটকয়েন ফাউন্ডেশন এর অন্তর্ভুক্ত হয় বাংলাদেশ। তবে কিছুদিনের মধ্যেই বিটকয়েন এর উপর বাংলাদেশে নিষেধাজ্ঞা জারি করা হয়। বাংলাদেশ ব্যাংক এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এই নিষেধাজ্ঞা জারি করে।

- বিটকয়েনের মূল্য

বিটকয়েনের মূল্য খুবই অস্থিতিশীল। প্রতি মুহূর্তেই এর মূল্য পরিবর্তিত হয়। শুরুর দিকে এর বাজার মূল্য ছিল ০.৩২ ডলার। এটি প্রতি বছরই বাড়তে বাড়তে ২০১৭ সালে আকাশচুম্বী হয়ে দাঁড়ায়। এর মূল্য ১৫ হাজার ডলার

ছাড়িয়ে যায় একসময়। এর বর্তমান বাজার মূল্য ৬৪০০ ডলারের কাছাকাছি। এমনও হতে পারে যে এই মূল্য আগামীকাল সকালে আকাশ পাতাল পরিবর্তিত হয়ে যাবে।

মহামারীতে বিভিন্ন দেশের সরকার ও কেন্দ্রীয় ব্যাংক নগদ অর্থপ্রবাহ বাড়াচ্ছে এবং সুদহার কমিয়ে শূন্যের কাছাকাছি নিয়ে আসছে। এজন্য বিকল্প স্থিতিশীল সম্পদ হিসেবে বিনিয়োগকারীদের কাছে ক্রিপ্টোকারেন্সি বিশ্বাসযোগ্যতা অর্জন করেছে। আর বিনিয়োগকারীদের মনোযোগ পেয়ে ফুলে-ফেঁপে উঠেছে বিটকয়েনের দাম। ২০০৯ সালে চালু হওয়ার পর এই প্রথম বিটকয়েনের দাম ২০ হাজার ডলার ছড়িয়ে গেছে। খবর বিবিসি।

স্টক মার্কেটের অস্থিরতায় এ বছর ভার্চুয়াল মুদ্রাটির দাম ১৭০ শতাংশেরও বেশি বেড়েছে। বুধবার ৪ দশমিক ৫ শতাংশ বেড়ে ২০ হাজার ৪৪০ ডলারে পৌঁছেছে। এমনও প্রত্যাশা রয়েছে, এটি স্টারবাক্স ও মাইক্রোসফটের অর্থ প্রদানের পদ্ধতি হিসেবে আরো ব্যাপক আকার ধারণ করতে পারে।

২০১৭ সালে একবার রেকর্ড দাম বেড়ে গিয়েছিল এই ডিজিটাল মুদ্রার। ওই বছরের শেষ দিকে বিটকয়েনের দাম ১৯ হাজার ৭৮৩ ডলারে পৌঁছে যায়। কিন্তু কেনাবেচা শুরু হতেই পরিস্থিতি বদলে যায়। এক বছর পর বিটকয়েনের দাম

কমে দাঁড়ায় ৩ হাজার ৩ ডলার।

পাউন্ড, ডলারসহ বাস্তব মুদ্রার মতো বিটকয়েনেও ব্যাপকভাবে ব্যবসা হয়। তবে সাম্প্রতিক দিনগুলোয় প্রভাবশালী বিনিয়োগকারীরা বিটকয়েনের দিকে দৃষ্টি দিচ্ছেন। বিশেষ করে যখন পেপাল ও ভিসার মতো প্রভাবশালী লেনদেন প্রতিষ্ঠান ক্রিপ্টোকারেন্সি গ্রহণ শুরু করেছে তখন অন্যরা তার সম্ভাবনার সুযোগ নিতে চাইছে। যদিও ব্যাংক অব ইংল্যান্ডের গভর্নর অ্যান্ড্রু বেইলি অর্থ প্রদানের উপায় হিসেবে বিটকয়েনের ব্যবহার নিয়ে সতর্ক করেছেন। তিনি জানান, লোকেরা বিটকয়েনকে অর্থ প্রদানের জন্য ব্যবহার করছে, সেটি নিয়ে তিনি খুব ঘাবড়ে গেছেন। ভার্চুয়াল এ মুদ্রার মূল্যটি বিনিয়োগকারীদের চূড়ান্তভাবে অনুধাবন করা উচিত বলেও মনে করেন তিনি।

বিটকয়েনের দাম এ বছর ব্যাপক বৃদ্ধি পেয়েছে। ২০০৯ সালে চালু হওয়ার পর এটির দাম বিভিন্ন সময় বেড়েছে ও কমেছে। পরামর্শক সংস্থা কম্পিটিটিভ কমপ্লায়েন্সের প্রতিষ্ঠাতা ইয়ানা আফানাসিভা এটির দামে আগামী মাসগুলোয় আরো উত্থান-পতন হবে বলে প্রত্যাশা করেন।

তিনি বলেন, ক্রিপ্টোকারেন্সির প্রকৃতিই এমন যে এখানে কিছু ব্যবসায়ী এটিকে কাজে লাগাতে পারেন। তবে এমন কোনো সরকার কিংবা আন্তর্জাতিক সংস্থা

নেই, যারা এটির দামে লাগাম টেনে ধরতে পারেন।

ক্রিপ্টোকরেন্সি লেনদেনকারী প্রতিষ্ঠান কয়েনমেট্রোর প্রতিষ্ঠাতা ও সিইও কেভিন মারকো বলেন, সাধারণত সংকটের সময় মানুষ নগদ অর্থ মজুদ করতে চায়। কিন্তু প্রধান অর্থনীতিগুলো যখন তাদের মুদ্রার অবমূল্যায়ন করবে, তখন কে নিজের কাছে প্রচুর অর্থ রাখতে চাইবে? কভিড-১৯ মহামারী, মার্কিন নির্বাচন, ব্রেক্সিট ও সর্বোপরি ২০২০ সাল ডিজিটাল অর্থনীতি নিয়ে পূর্ব ধারণাগুলো ভেঙে দিয়েছে।

এই মূহুর্তে ১ বিটকয়েন = 31786.40 US ডলার বা 2698292.97 টাকা।

- কেন বিটকয়েন নিয়ে জানাচ্ছি আপনাদের?
- কি এর ভবিষ্যত? পেছনের রহস্য কি?

একজন মানুষকে যদি নিয়ন্ত্রণ করতে চান তাহলে তার অর্থনীতি নিয়ন্ত্রণের মাধ্যমে তার লাগাম আপনার হাতের মুঠোয় নিয়ে আসতে পারবেন।
বিগত ২ পর্বে আপনাদের কাগজের টাকার অসারতা সম্পর্কে বুঝিয়েছি, এই কাগজের টাকা তুলে দিয়ে আগামী দিনগুলোয় "এলিট" রা এই ক্রিপ্টোকারেন্সী তথা ডিজিটাল কারেন্সি স্বরূপ বিটকয়েন চালু করবে যাতে করে মানুষের

অর্থনীতির উপর পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা সম্ভব হয়। [সেটা আরো বিস্তারিত বুঝবেন পরবর্তী পর্বে RFID chip এর আলোচনায়, ইনশাআল্লাহ্] আর দাজ্জালি শাসন ব্যবস্থা তথা "New World Order" এর অন্যতম লক্ষ্য হচ্ছে সারাবিশ্বে একটি একক মুদ্রাব্যবস্থার প্রচলন করা যা হতে যাচ্ছে এই বিটকয়েন ; অর্থাৎ এক সরকার শাসন ব্যবস্থা প্রতিষ্ঠা যার মূলে থাকবে খোদ দাজ্জাল !

করোনা ভাইরাস যে বানোয়াট তা আপনাদের আগেই বলেছি [পর্ব ২]
এই ভুয়া ভাইরাস এর ভন্ডামিকে কেন্দ্র করে ওরা কিন্তু ওদের লক্ষ্যের দিকে এগিয়ে চলছে যার মাইলফলক ছিল গত ডিসেম্বর যখন বিটকয়েন ইতিহাসের সর্বোচ্চ মূল্যে পৌছে যায়, মহামারীর দোহাইয়ে বিশ্ব অর্থনীতির বিপুল বিপ্লব ঘটিয়ে এক বিশ্বে এক শাসন ব্যবস্থা প্রতিষ্ঠায় একক মুদ্রা/লেনদেন ব্যবস্থা হিসেবে কার্যকর হবে ডিজিটাল কারেন্সি, দাসের ন্যায় নিয়ন্ত্রিত হবে মানবসমাজ।

⭕ RFID Chip: দাজ্জালের দুনিয়ার চূড়ান্ত দাসত্ব 🚨

পর্ব ৬ এর ৩টি উপপর্বে অর্থনীতি, মুদ্রাব্যবস্থার পেছনের গল্প-হালচাল-ভবিষ্যত (বিটকয়েন) নিয়ে বিশদ আলোচনা করেছি।
আজকের আলোচনাঃ দাজ্জালি দুনিয়া তথা নিউ ওয়ার্ল্ড অর্ডারের অধীনে প্রতিটি মানুষকে কীভাবে চূড়ান্তভাবে দাসে পরিণত করার বিশাল ষড়যন্ত্র চলছে সেটারই প্রয়াসে নির্মিত "RFID Chip" এর আদ্যোপান্ত ।

🔘 RFID CHIP পরিচিতিঃ

"RFID Tag" সাধারণত কোনো বই বা পণ্যের পেছনে দেয়া দেয়া থাকে, যা দিয়ে পণ্যের সত্যতা যাচাই করা হয়! এখানে, RFID এর পূর্ণরূপ হচ্ছেঃ "Radio Frequency Identification". আপনারা নিশ্চয়ই বারকোড সম্পর্কে অবগত যা রিড করা হয় আলাদা মেশিনের দ্বারা, সেই বারকোড যেমন এক প্রকার ট্যাগ, এই চিপও সেই কন্সেপ্টের তবে ভিন্নতা আছে। এই চিপ এর আকৃতি চালের দানার ন্যায়, এটি একটি ক্ষুদ্র রেডিও ট্রান্সপন্ডার, রেডিও রিসিভার ও ট্রান্সমিটার দ্বারা গঠিত ডিভাইস যা মূলত ইলেকট্রোম্যাগনেটিক ফিল্ডের মাধ্যমে এটাচড বস্তু ট্র্যাক করতে পারে ও সিগনাল পাঠাতে পারে; এটির রিসিভারের

কাছে - উপরন্তু, এটি নির্দেশনা গ্রহণ করে ডিরেকশনও ফলো করতে পারে !

● এটির বৈশিষ্ট্যসমূহঃ

১. এই চিপ আপনার ভার্চুয়াল মানিব্যাগে পরিণত হবে, আপনার সমস্ত টাকা-পয়সা এই চিপের মধ্যে থাকবে, এর দ্বারা দোকানে-মার্কেটে গিয়ে (ক্যাশলেস) মেশিনের কাছে হাত দিয়েই টাকা লেনদেন করতে পারবেন।

২. আপনার পার্সোনাল আইডেন্টিফিকেশন, ড্রাইভিং লাইসেন্স ইত্যাদি পার্সোনাও ড্যাটাসমূহ সব এই চিপে থাকবে।

৩. আপনি কে? আপনাকে সুর্নিদিষ্টভাবে চিহ্নিত করা যাবে এমন একটা কোড থাকবে আপনার চিপে, দুনিয়ার প্রতিটি মানুষকে আলাদা আলাদাভাবে শনাক্ত করার জন্যই থাকবে এই ব্যবস্থা যাকে " Mark of the Beast" বলে। (666)
[এই ব্যাপারে ভবিষ্যতে ইলুমিনাতি সিরিজে বিস্তারিত বুঝাব ইনশাআল্লাহ]

৪. আপনার স্মার্টফোন, ইন্টারনেট ও বিভিন্ন এপ্লিকেশন এর সাথে এই চিপ সার্বক্ষনিকভাবে কানেক্টেড থাকবে।

৫. এটায় GPS সিস্টেম একদম বিল্ট-ইন, আপনার সার্বক্ষণিক লোকেশন

সবসময় ট্র্যাক করা হবে ও তা স্টোরে জমা থাকবে ।

৬. আপনার স্বাস্থ্যের অবস্থাও এটি শনাক্ত করতে পারবে ।

৭. এটি দুই প্রকার। i) Active : এটি ব্যাটারি চালিত, ii) Passive : এটি ব্যাটারি ছাড়াই পরিচালিত এবং এটি RFID Reader থেকে ইলেক্ট্রোম্যাগনেটিক এনার্জি আহরণ করে চলে ।

৮. এটির মাধ্যমে আপনার সমস্ত গতিবিধি নজরে রাখা হবে ও আপনার প্রতি মুহূর্তের তথ্য-উপাত্ত ডাটাবেইজ এ সেইভ রাখা হবে ।

৯. ফিউচার টেকনোলজির দ্বারা এতে হিডেন পয়জন থাকবে যার মাধ্যমে ; "উপর" থেকে নির্দেশ আসামাত্র সেই চিপ উক্ত জমানো পয়জন (বিষ) ছেড়ে দিবে ও আপনি মারা যাবেন ।

১০. এক কথায়, ডিজিটাল যুগ বলে চিল্লান না সারাক্ষণ? আপনাকে ডিজিটালি দাস বানিয়ে কুকুরের চেয়েও নিকৃষ্টভাবে নিয়ন্ত্রিত যেন করা যায় তার সব ব্যবস্থা এই চিপে বিদ্যমান থাকবে।

● এটির উদ্দেশ্য ও ভয়াবহতাঃ

পোস্টের একদম শুরুতেই বারকোডের কথা বলেছিলাম যে, এটি একটি ট্যাগ এর ন্যায়, এতদিন বিভিন্ন পণ্যে, বস্তুতে, ডিভাইসে এমনকি পোষা প্রাণীর উপর ব্যবহৃত হয়ে আসছে ।

.

এখন এই চিপ মানবদেহে স্থাপন শুরু হবে। পুরো বিশ্বের প্রতিটি মানুষকে দাসের ন্যায় নিয়ন্ত্রণ করার লক্ষ্যেই এটির নির্মাণ। এটির কারণেই মূলত করোনার বানোয়াট কাহিনী বৈশ্বিকভাবে ছড়িয়ে মানুষকে ব্রেইনওয়াশ করা হয়েছে যেন পরবর্তীতে "ওরা" যা-ই বলে তাই যেন চোখে বুঝে মেনে নেই। ওরা বলেছে মাস্ক-স্যানিটাইজার ব্যবহার করতে হবে, আমরা সবাই করেছি, ওরা বলছে এবার ভ্যাক্সিন নিতে হবে, আমরাও স্বস্তির নিঃশ্বাস ফেলে ভ্যাক্সিন নেয়ার দিন গিয়ে গুনছি। করোনার দ্বারা লকডাউন এনে বিশ্ব অর্থনীতিতে পরিবর্তন এনে ক্যাশলেস (কাগজের মুদ্রাবিহীন) সমাজ গঠনের লক্ষ্যে বিশ্বকে প্রস্তুত করা হচ্ছে যেন ভ্যাক্সিনের সাথেই মানবদেহে এই চিপ স্থাপন করে দেয়া যায়। এক ঢিলে দুই পাখি - স্বাস্থ্যের নিরাপত্তাও নস্ট করতে পারলো, সাথে সাথে আপনার উপর নিয়ন্ত্রণও নেয়া গেলো। এসব ওদের দীর্ঘদিনের সূক্ষ্ম পরিকল্পনার ফসল যা একে একে বাস্তবায়িত হচ্ছে ।

.

ধরুন এটি দেহে স্থাপন করে নিলেন, বিন্দাস লাইফ চলছে। আপনার অজান্তেই

আপনার সমস্ত কার্যক্রম মনিটর করা হচ্ছে ও তা সেইভ রেখে পর্যবেক্ষণ করা হচ্ছে যে আপনি সরকার (One World Government) এর বিরুদ্ধে কিছু করছেন কিনা, যদি সেরকম কিছু হয় তাহলে আপনার চিপটি অকার্যকর করে দেয়া হবে - মূহুর্তের মাঝে আপনার জীবন বরবাদ হবে। সার্ভার থেকে আপনি ব্লক হয়ে যাওয়ায় আপনার সমস্ত টাকা-পয়সা নিমিষেই উধাও হয়ে যাবে। আপনার আইডেন্টিটি ব্লক থাকায় আপনি প্রয়োজনীয় অনেক স্থানে প্রবেশ থেকে বঞ্চিত হবেন। তাছাড়া আপনার লোকেশন ইনফরমেশন তো আছেই - তার জের ধরে যখন তখন আপনাকে তুলে আনা সম্ভব হবে ; আপনার যেখানেই থাকুন না কেন - ছাড় নেই। তুলে আনারও খুব প্রয়োজন পড়বে না - হিডেন পয়জন এক্টিভেট করে দিলেই আপনার জীবন লীলা খতম !

- বর্তমান পরিস্থিতিঃ

পণ্য-ডিভাইসের পর এটি মানবদেহে আরো আগে থেকেই স্থাপন শুরু করা হয়েছে মানুষকে বহুবিধ লোভনীয় সুবিধা দেখিয়ে। বিশ্বের বিভিন্ন স্থানে, অফিসে, কর্মক্ষেত্রে এর ব্যবহার দিনে দিনে ট্রেন্ড এ রূপান্তরিত হচ্ছে। তবে আশার ক্ষীণ আলো হলো কয়েক জায়গায় ইতিমধ্যেই এর বিরুদ্ধে হাক ডাক শুরু হয়েছে [খুবই সামান্য যদিও, যথেষ্ট নয়]

- বাংলাদেশের অবস্থাঃ

বাংলাদেশেও আরএফআইডি চিপ চলে এসেছে! বিশ্বাস হয়না? বাংলাদেশ সরকার আমেরিকার সাথে চুক্তি করেছে ডিজিটাল আইডি অর্থাৎ আরএফআইডি চিপ নিয়ে। এর সাথে ভ্যাক্সিনেরও যোগসূত্র আছে। নীচে লিংক দিয়ে দিয়েছি, দেখে নিবেন! ভাক্সিনের সাথে সাথে সেই চিপ ইমপ্লান্ট করা হবে আমাদের শরীরে। কে ভ্যাক্সিন নিয়েছে আর কে নেয়নি সেটা ট্র্যাক করার জন্য। কি যুক্তি!

বেসরকারী ও সরকারী উভয় খাতের একটি সামান্য অঞ্চল বাংলাদেশে আরএফআইডির বাজার চালাচ্ছে ডেলটেক লিমিটেড। ইতিমধ্যে ডেলটেক লিমিটেড একটি বিশ্বব্যাপী আরএফআইডি সরবরাহকারী বেশ কয়েকটি সংস্থাকে আরএফআইডি বাস্তবায়নে সহায়তা করেছে। [নীচে লিংক] বাংলাদেশের এপোলো হসপিটাল আরএফআইডি চিপ ইমপ্ল্যান্ট করেছে তার কর্মিদের মধ্যে। তাদের রুটিন, চলাফেরা, টাকা পয়সা, এখন সবকিছুই নজর জারির উপর চলছে। বাহ্, স্বাধীনতা!

- ভবিষ্যতে যে ভয়াবহ দিন আসতে চলেছেঃ

মূলত ভ্যাক্সিনের মাধ্যমেই গোটা বিশ্বের সবাইকে ভবিষ্যতে এটি নিতে দেহে স্থাপনে বাধ্য করা হবে। তবে ভ্যাক্সিন ছাড়াও অনেক জায়গাতেই এটির ব্যবহার চলছে, সেভাবেই চালাবে সামনে। আপনি কোথায় যান, কোথায় থাকেন, কখন

আসেন,কখন যান, কার সাথে উঠাবসা, চলাফেরা করেন, সবকিছুই সরকার ট্র্যাক করতে পারবে! এই চিপ ইমপ্ল্যান্টের পর আপনার জীবন আর আপনার থাকবে না, সরকার অথবা পৃথিবী নিয়ন্ত্রক এলিটসদের হাতে চলে যাবে! আপনার উপর পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করা হবে।

.

সরকার কর্তৃক এটি একটা ফাঁদ - সবার উপর কন্ট্রোল প্রতিষ্ঠা করার লক্ষ্যে। আর সব সরকার মূলত সিক্রেট সোসাইটি (এলিট) দের দ্বারাই নিয়ন্ত্রিত - এসবের একদিম গোড়ায় আছে খোদ দাজ্জাল !

.

বিষয়টা খুব ভয়ানক মনে হচ্ছে না? ! অনেকেই এসবগুলো কথা স্রেফ কন্সপাইরেসি থিওরি বলে উড়িয়ে দেবেন - দেন উড়িয়ে।

.

(যদি আপনি গুগলে এবিষয়ে সার্চ করেন তাহলে একে কন্সপাইরেসি থিওরিই বলবে, গুগল সত্য জানতে দেয় না। তারা চায়-ই আপনাকে বিভ্রান্ত রাখতে, এসব গভীর বিষয়ে ঘাটাঘাটির সময় অবশ্যই সার্চ ইঞ্জিন "DuckDuckGo" ব্যবহার করবেন, ব্রাউজারের সেটিং থেকে চেঞ্জ করে নিয়ে)

.

একদল লোক অন্ধই থাকে যারা অনুধাবনে ব্যর্থ - মিডিয়ার দ্বারা ব্রেইন ওয়াশড। তাদের কাছে এসব হাসির বিষয়। হাসেন ভাই, যখন চুড়ান্ত সময়

এসে পড়বে তখন আর সতর্ক হয়ে কোনো লাভ হবে না। তখন তারাই টিকে থাকবে যারা পূর্বেই সতর্ক হয়েছিল।

.

যদি উপলব্ধি করতে পারেন, তাহলে প্রস্তুত হোন ঈমান বাচানোর যুদ্ধে লড়াইয়ের।

.

আর যদি তা না হয়, তাহলে গোলামী জীবনের অগ্রীম শুভকামনা রইল!

● শেষ কথাঃ

এই সিরিজের পূর্ববর্তী পর্বগুলোয় করোনা ভাইরাস-লকডাউন-ভ্যাক্সিনের অসারতা নিয়ে আলোচনা শেষে মুদ্রাব্যবস্থা ও এই চিপ নিয়ে আলোচনা শেষ হলো। আপনি কি জানেন, এর প্রতিটি ঘটনা একটি-অপরটির সাথে কানেক্টেড!

কীভাবে কানেক্টেড? কেন হচ্ছে এসব? মূল উদ্দেশ্য কি? কারা করাচ্ছে? সমাধান কি? - ইত্যাদি আলোচনা করব পরবর্তী পর্বে ; ইনশাআল্লাহ।

.

তখন সব গুলো বিষয় ক্লিয়ার হবে ইনশাআল্লাহ - বুঝবেন নিউ ওয়ার্ল্ড অর্ডার তথা দাজ্জালি দুনিয়ার ইতিকথা ; এক সরকার শাসন ও এজেন্ডা 21 (Agenda-21) ইত্যাদি সব বিষয়।

[প্রয়োজনীয় লিংক]

1.
https://www.scirporg./html/2-7800121_30055.htm
2.
https://www.thefinancialexpress.com.bd/sci-tech/man-receives-under-skin-chip-implant-live-at-mobile-show-1551168817
3.
https://www.researchgate.net/publication/276492852_RFID_Applications_Prospects_and_Challenges_in_Bangladesh
4.
https://www.hindustantimes.com/brunch/ready-for-a-microchip-to-control-your-body/story-6ncVS0JawRgGJHOq2YLfZM_amp.html
5.
https://www.atlasrfidstore.com/rfid-insider/active-rfid-vs-passive-rfid

6.
https://www.atlasrfidstore.com/rfid-insider/active-rfid-vs-passive-rfid
7.
https://en.m.wikipedia.org/wiki/Radio-frequency_identification
8.
https://stop5g.cz/us/virus-lockdown-go-cashless-install-5g-rfid-vaccination-id2020/
9.
http://www.howardnema.com/2020/11/29/us-purches-500-million-covid-19-vaccine-syringes-designed-to-inject-microchips/
10.
https://lightonconspiracies.com/rfid-chip-mark-of-the-beast-5g-6g-satellites-emily-elizabeth-windsor-cragg-and-alexandra-jb/
11.
https://www.express.co.uk/news/weird/703856/MARK-OF-THE-BEAST-Secret-plan-to-implant-us-all-with-ID-chips-by-2017
12.
https://www.express.co.uk/news/science/614168/Secret-plan-

inject-ALL-ID-chips-vaccination-program-Simon-Parkes-conspiracy-theory
13.
http://www.conspirazzi.com/category/rfid-chips/
14.
https://www.techopedia.com/definition/24272/rfid-chip
15.
https://thenewamerican.com/will-microchip-implants-in-humans-become-mandatory/
16.
https://www.conspiracyarchive.com/NWO/microchip_implants_mind_control.htm
17.
https://www.theatlantic.com/technology/archive/2018/09/how-i-learned-to-stop-worrying-and-love-the-microchip/570946/
18.
https://www.pcworld.com/article/260930/technologys_dark_side_devious_devices_designed_to_harm_you.html
19.

https://www.infosecurity-magazine.com/slackspace/microchips-for-humans/
20.
https://www.govtech.com/blogs/lohrmann-on-cybersecurity/chip-implants-the-next-big-privacy-debate.html
21.
https://www.change.org/p/us-government-us-senate-us-congress-us-house-united-nations-stop-human-implantation-of-rfid-microchip
22.
